দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

3

তারিখ 23 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 6

120

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# দু'টি কলেজের সম্মান কোর্স বাতিল

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১৯শে জানুয়ারী। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দু'টি কলেজের সম্মান কোর্স বাতিল করেছেন। কর্তৃপক্ষ গত ১লা জানুয়ারী কমসংখ্যক শিক্ষক থাকার কারণে এ্যাফিলিয়েশন নবায়নের অনুমতি দেননি।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের সম্মান কোর্সের সব ক'টি বিভাগ এবং চট্টগ্রাম সরকারী কলেজের ৬টি বিভাগ বাতিল করেছেন।

কলেজ দু'টির ছাত্ররা গত ৮ই জানুয়ারী বিষয়টি ঘোষণা করার পর থেকে বিক্ষোভ মিছিল, সমাবেশ ও স্মারকলিপি পেশ করে আসছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এর পরিপ্রেক্ষিতে বাতিলের ব্যাপারটি পুনঃ বিবেচনা করে দেখার সিদ্ধান্ত নিয়েছেন বলে একটি সূত্র জানায়।

চট্টগ্রাম কলেজে গত ৩০ বছর ও বাণিজ্য কলেজে গত ১৫ বছর ধরে সম্মান কোর্স চালু রয়েছে এবং ছাত্র-ছাত্রীর সংখ্যা ৫ শতাধিকেরও বেশী বলে জানা গেছে।